

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৭(আগরতলা, ১৬।৫)

মোহনপুর, ১৬ মে, ২০১৮

মিড-ডে মিল নিয়ে মোহনপুরে কর্মশালা

মোহনপুর বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়ের উদ্যোগে ১০০ দিনের কর্ম পরিকল্পনা অনুসারে বিভিন্ন কর্মসূচী রূপায়িত হচ্ছে। কর্মসূচী অনুযায়ী মিড-ডে মিল প্রকল্পের অঙ্গ হিসেবে স্বাস্থ্য বিধি এবং স্বাস্থ্য ব্যবস্থার উপর ১৪ মে হেজামারা ও বামুটিয়া ব্লক এবং ১৫ মে মোহনপুর ও লেফুঙ্গা ব্লকের অন্তর্গত বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে মোহনপুর সাংস্কৃতিক ভবনে কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে আলোচনা করেন শিক্ষা দপ্তরের ও এস ডি দিলীপ দেববর্মা, স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড: মানবেন্দ্র দেবনাথ, অগ্নি নির্বাপক দপ্তরের আধিকারিক কেশব কর্মকার। বক্তারা স্বাস্থ্য বিধি এবং স্বাস্থ্য ব্যবস্থার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুরের বিদ্যালয় পরিদর্শক সুদীপ সরকার, হেজামারা, বামুটিয়া এবং লেফুঙ্গার বিদ্যালয় পরিদর্শক প্রমুখ।
